West Bengal Form No. 27

# FIRST INFORMATION REPORT

(Under Section 154 Cr. P.C.)

2364

1. Dist. Jalpaiguri P.S. NJP Year 2026 FIR No. 64/26 Date 28/01/26
2. i) Act BNS Sections 85/118(2)/109(1) ii) Act ........ Sections ........
   iii) Act DP Act Sections 3/4. iv) Others Acts & Sections ........
3. (a) Occurrence of offence : Day Tuesday Date From Year 2012 Date To 27/01/2026
   Time Period ........ Time From ........ Time To ........
   (b) Information received at P.S. Date 28/01/2026 Time 14:45 Hrs
   (c) General Diary Reference : Entry No (s) 1578. Time 14:45 Hrs
4. Type of Information Written Written / Oral
5. Place of Occurrance : (a) Direction and Distance from P.S. West, Approx 06 Kms. Beat No. ........
   (b) Address Paschim Dhantala, Satellite Township, PS- NJP, Dist - Jalpaiguri.
   (c) In case outside limit of this Police Station. then the
   Name of the P.S. ........ District ........
6. Complainant / Informant :
   (a) Name SAPIAR RAHAMAN
   (b) Father's / Husband's Name Peji Md.
   (c) Date / Year of Birth ........ (d) Nationality Indian.
   (e) Passport No. ........ Date of Issue : ........ Place of Issue ........
   (f) Occupation ........
   (g) Address Paschim Dhantala, Satellite Township, PS- NJP, Dist - Jalpaiguri.
7. Details of known / suspected / unknown accused with full particulars
   (Attach separate sheet, if necessary) :
   1) Abdul Mohammad S/o - Mushtaq Hossain of Paschim Dhantala, Satellite Township, PS- NJP Dist - Jalpaiguri
8. Reasons for delay in reporting by the Complainant / Information
9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :
10. Total value of properties stolen / involved ........
11. Inquest Report / U.D. Case No. If any ........
12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint which is treated as FIR is enclosed herewith
13. Action Taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., Registered the case and took up the investigation / directed SI Chabilal Sangam Sinha of NJP PS to take up investigation / refused investigation / transferred to P.S. ........ on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / informant free of cost.

Noted in original complaint.

14. Signature / Thumb impression of the Complainant / Informant

28/01/2026

Signature of the Officer-in-Charge, Police Station

Name : PARTHA SARATHI DAS

Rank : No. S.I. Officer-in-Charge New Jalpaiguri Police Station Siliguri Police Commissionerate

15. Date & Time of despatch to the court :

28.01.2026

প্রতি

ভারপ্রাপ্ত আধিকারিক

নিউ জলপাইগুড়ি থানা

বিষয় – F.I.R.

মহাশয়,

আমি সাপিয়ার রহমান, পিতা—পেদি মোঃ, বাসিন্দা—পশ্চিম ধনতলা, পোস্ট অফিস—স্যাটেলাইট টাউনশিপ, থানা—নিউ জলপাইগুড়ি, জেলা—জলপাইগুড়ি, পিন—৭৩৪০১৫ বিনীতভাবে নিবেদন করছি যে, আমার কন্যা সাকিনা বেগম, বয়স আনুমানিক ৩৪ বছর, এর সাথে আসামি আবদুল মোঃ, পিতা মোস্তাফা হুসেন, বাসিন্দা—পশ্চিম ধনতলা, পোস্ট অফিস—স্যাটেলাইট টাউনশিপ, থানা—নিউ জলপাইগুড়ি, জেলা—জলপাইগুড়ি, পিন—৭৩৪০১৫, এর বিবাহ মুসলিম রীতি অনুযায়ী ২০১২ সালে সম্পন্ন হয়। বিবাহের পর থেকে আমার কন্যা তার স্বামীর সাথে তার শ্বশুরবাড়িতে বসবাস শুরু করে।

বিবাহের কয়েক বছর পর থেকেই আসামি স্বামী আমার কন্যার নিকট যৌতুকের দাবি শুরু করে এবং উক্ত দাবি পূরণে ব্যর্থ হওয়ায় তাকে শারীরিক ও মানসিক নির্যাতন করতে থাকে।

বিভিন্ন সময়ে আসামি আমার কন্যাকে মারধর, গালিগালাজ, ভয়ভীতি প্রদর্শন ও নির্মম নির্যাতন করেছে। প্রায় তিন মাস পূর্বে, আসামি আমার কন্যাকে একটি চেয়ারের সাথে বেঁধে তার গলা কাটার চেষ্টা করে, যার ফলে তার প্রাণনাশের গুরুতর আশঙ্কা সৃষ্টি হয়।

উক্ত অমানবিক নির্যাতনের খবর পেয়ে আমি আমার কন্যার প্রাণরক্ষার্থে তাকে আমার বাড়িতে নিয়ে আসি। পরবর্তীতে আসামি আমার বাড়িতে এসে ক্ষমা প্রার্থনা করে এবং ভবিষ্যতে এ ধরনের আচরণ করবে না মর্মে প্রতিশ্রুতি প্রদান করে। আমার কন্যার ভবিষ্যতের কথা চিন্তা করে এবং আসামির আশ্বাসে বিশ্বাস রেখে তাকে পুনরায় তার শ্বশুরবাড়িতে পাঠানো হয়।

কিন্তু আসামি তার আচরণ সংশোধন না করে পুনরায় যৌতুকের দাবিসহ নির্যাতন চালিয়ে যেতে থাকে।

অতঃপর ২৭.০১.২০২৬ তারিখে, আসামি পুনরায় আমার কন্যার নিকট যৌতুক দাবি করে এবং উক্ত দাবিতে আপত্তি জানালে সে ভীষণভাবে ক্ষিপ্ত হয়ে ওঠে। আসামি আমার কন্যাকে শোবার ঘরের ভিতরে আটকে রেখে, তার চিৎকার চাপা দেওয়ার উদ্দেশ্যে উচ্চ শব্দে গান চালায়, এরপর একটি ধারালো অস্ত্র নিয়ে তাকে নির্মমভাবে হত্যার উদ্দেশ্যে আক্রমণ করে, যার ফলে আমার কন্যা মারাত্মক ও প্রাণঘাতী জখম হয়।

আমার কন্যার মুখমণ্ডল, নাক ও চোখে গভীর কাটা জখম হয় এবং সে প্রাণভয়ে আর্তনাদ করতে থাকে। তার মৃত্যুযন্ত্রণার মতো চিৎকার শুনে স্থানীয় প্রতিবেশীরা ঘটনাস্থলে এসে তাকে উদ্ধার করে। লোকজন জড়ো হলে আসামি ঘটনাস্থল থেকে পালিয়ে যায় এবং পালানোর সময় সে চিৎকার করে এবং হাসতে হাসতে বলে যে, সে তার দাদা দুলালকে হত্যা করে একটি

সেপ্টিক ট্যাঙ্কে পুঁতে রেখেছে এবং আজ সে তার স্ত্রীকেও হত্যা করেছে, সে কাউকে ভয় পায় না। বর্তমানে আমার কন্যা অত্যন্ত সংকটাপন্ন অবস্থায় নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। উল্লেখযোগ্য যে, আমার কন্যা তিনজন নাবালক সন্তানের জননী।

মাননীয় মহাশয়, অনুগ্রহ করে বিষয়টি তদন্ত করে আইন অনুযায়ী আসামির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

[illegible]
9832476455

Received on 28/01/2026 at 14:45 hrs vide NJP PS GDE No - 1578 dt 28/01/26 and started specific case vide NJP PS Case No - 64/26 dt 28/01/26 u/s 85/118(2)/109(1) BNS r/w 3/4 of DP Act and endorsed to SI Chabilal Sinha for its investigation

28/01/2026

**Officer-in- Charge**
**New Jalpaiguri Police Station**
**Siliguri Police Commissionerate**